# ইউনিক হোটেল এন্ড রিসোর্টস  পিএলসি এর ১৫ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন




ইউনিক হোটেল এন্ড রিসোর্টস পিএলসি এর ২১তম বার্ষিক সাধারণ সভা, মঙ্গলবার, ২০ই ডিসেম্বর ২০২২ সকাল ১০:৩০ ঘটিকায় ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কোম্পানীর পরিচালনা পর্ষদের চেয়ারপার্সন মিসেস সেলিনা আলী। উক্ত সভায় উপস্থিত ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ নূর আলী। সভায় উপস্থিত শেয়ারহোল্ডারগন ২০২১-২২ সালের সমাপ্ত বছরের হিসাবের ভিত্তিতে ১৫% নগদ লভ্যাংশ (সকল শেয়ারহোল্ডারদের জন্য) অনুমোদন করেন।

ভাচুর্য়াল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিতব্য ২১ তম বার্ষিক সাধারণ সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার সহ আরও যুক্ত ছিলেন স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ ফোরকান উদ্দিন এফসিএ, স্বতন্ত্র পরিচালক জনাব এন কে এ মবিন এফসিএস, এফসিএ ও মোহাম্মদ আহসান উল্লাহ। মনোনীত পরিচালক রোটারিয়ান গোলাম মোস্তফা, জনাব মোঃ সাইফুল ইসলাম, মোঃ খালেদ নূর, গাজী মোঃ সাখাওয়াত হোসেন, গোলাম সরোয়ার এফসিএ, এবং প্রধান নির্বাহী অফিসার মোঃ শাখাওয়াত হোসেন, পরিচালক-রেগুলেটরি অ্যাফেয়ার্স ও কোম্পানী সচিব মোঃ শরীফ হাসান এফসিএস। এছাড়াও সভায় সংযুক্ত ছিলেন চিফ ফিনান্সিয়াল অফিসার জনাব জনি কুমার গুপ্ত এফসিএ, অভ্যন্তরীন নিরীক্ষা বিভাগের প্রধান মোসাব্বিরুল ইসলাম সহ ঊর্ধ্বতন কর্মকর্তারা।

সভায় শেয়ারহোল্ডারগনের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নূর আলী কোম্পানীর বর্তমান ও ভবিষ্যত পরিকল্পনা তুলে ধরেন এবং শেয়ার হোল্ডারদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।